



মহেশপুর সীমান্তে ভারতে অনুপ্রবেশের চেষ্টায় ৮ বাংলাদেশি আটক



সংগৃহীত ছবি

ঝিনাইদহের মহেশপুর সীমান্তে বৃহস্পতিবার (২৩ অক্টোবর) রাতে নারী, পুরুষ ও শিশুসহ ৮ জন বাংলাদেশিকে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

আটককৃতদের মধ্যে পাঁচজন নারী, একজন পুরুষ এবং দুইজন শিশু রয়েছেন। তারা বরিশালসহ দেশের বিভিন্ন জেলার বাসিন্দা।

বিজিবির মহেশপুর ৫৮ বিজিবি-এর অধীনে বাঘাডাংগা খোসালপুর বিওপি'র টহল দল সীমান্তে অভিযান চালিয়ে এই আটজনকে আটক করে। একইসঙ্গে যাদবপুর বিওপি সীমান্তে মাদকবিরোধী অভিযান পরিচালনা করে ২০ বোতল সিরাপ মাদক উদ্ধার করেছে।

মহেশপুর ৫৮ বিজিবির সহকারী পরিচালক ইমদাদুর রহমান জানান, আটককৃতদের মধ্যে যশোরের জাস্টিস এন্ড কেয়ার-এ পাঠানো হয়েছে, এবং বাকি ব্যক্তিদের আদালতে সোপর্দ করা হবে।

LENS ASIA